



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
আইসিটি শাখা



২০২১-২২ অর্থবছরে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি
পর্যালোচনা সংক্রান্ত ৩য় সভার কার্যবিবরণী।

সভাপতি	মোহাম্মদ ইলিয়াস হোসেন যুগ্মসচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার
সভার তারিখ	২৪ নভেম্বর ২০২১
সভার সময়	সকাল ১০.৩০ ঘটিকা
স্থান	যুগ্মসচিব (প্রশাসন) এর অফিস কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-১

২০২১-২২ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত তৃতীয় সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। কমিটির সদস্য-সচিব মোহাম্মাৎ ফারহানা রহমান (উপসচিব) সভাপতির অনুমতিক্রমে সভার শুরুতে বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন নিয়ে আলোচনা করেন। তিনি বলেন যে, একটি ডিজিটাল সেবা হিসেবে স্টোর ম্যানেজমেন্ট সফটওয়্যার তৈরির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসন-১ অধিশাখায় রিকুইজিশন প্রেরণ করা হয়েছে। চতুর্থ শিল্প বিপ্লব চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ক এবং ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাজেট অধিশাখায় পত্র প্রেরণ করা হয়েছে।

০২। সভায় বিস্তারিত আলোচনা শেষে একটি সেবা সহজিকরণের জন্য “অটোগ্যাস স্টেশন স্থাপনের প্রাথমিক অনুমোদন” সেবাটি প্রাথমিকভাবে বাছাই করা হয়। উক্ত সেবাটির উপর একটি প্রজেক্টেশন পরবর্তী সভায় উপস্থাপনের জন্য চিফ ইনোভেশন অফিসার নির্দেশনা প্রদান করেন।

০৩। তাছাড়া, একটি উদ্ভাবনী সেবার অংশ হিসেবে এ বিভাগের করিডোরে CCTV ক্যামেরা স্থাপনের বিষয়ে উপস্থিত কমিটির সকলে একমত পোষণ করেন।

০৪। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	বিবরণ	সিদ্ধান্ত বাস্তবায়নকারী
৪.১	আগামী ২২ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ৪র্থ সভা আয়োজন করতে হবে;	সদস্য-সচিব
৪.২	একটি সেবা সহজিকরণ লক্ষ্যে “অটোগ্যাস স্টেশন স্থাপনের প্রাথমিক অনুমোদন” সেবাটির উপর একটি প্রজেক্টেশন আগামী সভায় উপস্থাপন করতে হবে;	জনাব সুমন মিয়া প্রশাসনিক কর্মকর্তা
৪.৩	একটি উদ্ভাবনী সেবা বাস্তবায়নের অংশ হিসেবে এ বিভাগের করিডোরে CCTV ক্যামেরা স্থাপনের জন্য প্রশাসন-১ অধিশাখায় রিকুইজিশন প্রদান করতে হবে;	সদস্য-সচিব
৪.৪	একটি ডিজিটাল সেবা হিসেবে স্টোর ম্যানেজমেন্ট সফটওয়্যার তৈরির অগ্রগতি আগামী সভায় অবহিত করতে হবে; এবং	সদস্য-সচিব

৪.৫	চতুর্থ শিল্প বিপ্লব চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে দ্বিতীয় কর্মশালা এবং ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত দ্বিতীয় প্রশিক্ষণের অগ্রগতি আগামী সভায় অবহিত করতে হবে।	সদস্য-সচিব
-----	---	------------

০৫। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোহাম্মদ ইলিয়াস হোসেন
যুগ্মসচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন
অফিসার

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০১১.৯৯.০০৪.১৮.১৭৩

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪২৮
০১ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপসচিব, অপারেশন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ২) উপসচিব, উন্নয়ন-১ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৩) উপসচিব, প্রশাসন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৪) উপসচিব, পরিকল্পনা-১ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৫) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৬) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৭) সহকারি মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ৮) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের দপ্তর (প্রশাসন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৯) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ১০) জনাব সুমন মিয়া, প্রশাসনিক কর্মকর্তা, অপারেশন-২ শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ [অটো গ্যাস স্টেশন স্থাপনের প্রাথমিক অনুমোদন" সেবাটির উপর একটি প্রেজেন্টেশন আগামী সভায় উপস্থাপনের অনুরোধসহ]



মোহাম্মাৎ ফারহানা রহমান
উপসচিব